কোটচাঁদপুর ঔষধ প্রশাসনের অবহিত করন সভা অনুষ্ঠিত

ঔষধ ও কসমেটিকস আইন ২০২৩ অনুসারে রেজিস্ট্রার্ড চিকিৎসকের পরামর্শ ব্যতিত প্রশাসন ও এন্টিবায়োটিক বিক্রি শাস্তির বিধান এবং এন্টিবায়োটিকের মোড়কে লাল রঙের সনাক্ত করন বিষয়ক অবহিত করন সভা অনুষ্ঠিত হয়েছে।আজ সোমবার দুপুরে কোটচাঁদপুর মুক্তি যোদ্ধা কমপ্লেক্সে এ সভা করা হয়।
কোটচাঁদপুর ড্রাগিষ্ট এন্ড কেমিস্ট সমিতির সভাপতি কামরুল হাসান খান খোকনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ ঔষধ প্রশাসন কর্মকর্তা সিরাজুম মনিরা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলা বিসিডিএসের সভাপতি রফিকুল করিম সোম,কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক(ওসি) সৈয়দ আল-মামুন, সাবেক মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম সিনিয়র সহসভাপতি মোস্তাকিবুর রহমান ঝন্টু, সহসভাপতি হান্নান মিয়া,সোহরাব হোসেন,সিনিয়র সহসভাপতি কাজী হাসানুজ্জামান হাসান, সহসভাপতি হাসানুজ্জান ডাবলু,হুমায়ুন কবির।

এসময় ঔষধ ও কসমেটিকস আইন ২০২৩ অনুসারে রেজিস্ট্রার্ড চিকিৎসকের পরামর্শ ব্যতিত এন্টিবায়োটিক বিক্রি শাস্তির বিধান এবং এন্টিবায়োটিকের মোড়কে লাল রঙের সনাক্ত করন বিষয় নিয়ে উপস্থিত, কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভাপতি সম্পাদক সহ সদস্যদেরকে সচেতন মূলক বক্তব্য রাখেন।

কোটচাঁদপুরে প্রবীন সাংবাদিক খোন্দকার শামসুজ্জামানের

ইন্তেকাল

কোটচাঁদপুরের প্রবীন সাংবাদিক খোন্দকার শামসুজ্জামান (৬৫) মারা গেছে। তিনি ছিলেন,প্রেস ক্লাব কোটচাঁদপুরের প্রতিষ্ঠাতা সভাপতি। রবিবার গভীর রাতে শ্বাসকষ্ট জনিত কারণে মৃত্যু হয়েছে বলে জানিয়েছেন মৃতের পরিবার।

জানা যায়, প্রবীন সাংবাদিক শামসুজ্জামান বেশ কিছু যাবত শ্বাসকষ্ট জনিত কারণে অসুস্থ্য ছিলেন। গতকাল রবিবার রাতে হঠাৎ করে গুরুতর অসুস্থ্য হয়ে পড়েন তিনি। এ সময় ওনার ছেলে আব্দুল্লাহ বাশার কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। কর্তব্যরত চিকিৎসক তাকে দেখে চিকিৎসা শুরুর আগে মৃত্যুর কোলে ঢলে পড়েন, প্রবীন এ সাংবাদিক। সবাইকে কাঁদিয়ে চলে গেলেন,না ফেরার দেশে। মৃত্যুর সময় তিনি এক মেয়ে এক ছেলে,স্ত্রীসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

এদিকে প্রবীন সাংবাদিকের মৃত্যুর খবরে সোমবার সকালে তাঁকে এক নজর দেখতে কোটচাঁদপুর কলেজ বাসস্ট্যান্ডের খোন্দকার পাড়ার বাসায় ছুটে আসেন শত শত শুভাকাংক্ষি।
আজ সোমবার যোহর বাদ সরকারি কে,এম,এইচ ডিগ্রি কলেজ মাঠে মরহুমের জানাজার নামাজ শেষে সাংবাদিক খোন্দকার শামসুজ্জামানকে খোন্দকার পাড়ায় পারিবারিক করব স্থানে দাফন সম্পন্ন করা হয়।

তিনি ছিলেন, প্রেস ক্লাব কোটচাঁদপুরের প্রতিষ্ঠাতা সভাপতি,বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থা,কোটচাঁদপুর উপজেলা শাখার সহ সভাপতি,বাজেবামনদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির প্রাক্তন সদস্য ও সভাপতি, কোটচাঁদপুর মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির প্রাক্তন সদস্য,ঢাকা আহসানিয়া মিশন পরিবেশ (আপস) এর মাস্টার ট্রেইনার।

সাংবাদিক শামসুজ্জামান কোটচাঁদপুর খোন্দকার পাড়ার মৃত রহমতউল্লার বড় ছেলে। তিনি ছিলেন,দৈনিক বীর জনতা পত্রিকার নিজস্ব প্রতিবেদক আব্দুল্লাহ বাশারের পিতা।

সাংবাদিক শামসুজ্জামানের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন, কোটচাঁদপুর রিপোর্টার্স ক্লাবের সভাপতি অশোক দে, সাধারণ সম্পাদক সুব্রত কুমার,সহসভাপতি আব্দুল খালেক বিশ্বাস, যুগ্ন সম্পাদক মনোজ মালাকার, প্রচার সম্পাদক রাম জোয়াদ্দার,সদস্য আকিমুল ইসলাম, রোকুনুজ্জামানসহ শোক প্রকাশ করেছেন, সাংবাদিক

মঈন উদ্দিন।

ঝিনাইদহে সনাতন ধর্মাবলম্বীদের শ্যামা পূজা অনুষ্ঠিত

ঝিনাইদহে উদযাপন করা হচ্ছে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম বৃহৎ উৎসব শ্যামা পূজা। ঝিনাইদহ শহরের পুরাতন হাটখোলা শ্রী শ্রী সিদ্ধেশ্বরী জেলা কালীমন্দিরে রোববার সকাল ৯ টা দিকে এ পূজা শুরু করা হয়। এসময় প্রদীপ উজ্জ্বলন করেন শ্রী বাবু কনকান্তি দাস।

হিন্দু সম্প্রদায়ের দ্বিতীয় বৃহত্তম ধর্মীয় উৎসব এই পূজা। কার্তিক মাসের অমাবস্যা তিথিতে সাধারণত শ্যামা পূজা বা কালীপূজা অনুষ্ঠিত হয়ে থাকে। রোববার সকাল ৯ টা থেকে পূজা শুরু হয় রাত ৮ টা ১০ মিনিটে প্রদীপ প্রজ্জলন করা হয়। এছাড়া রাত ১২টা ৩০ মিনিটে পুষ্পা(পাঠা) বলি শুরু হয়। পরে ভক্তরা ফলসহ বিভিন্ন উপকরন দিয়ে নৈবেদ্য সাজিয়ে দেবীকে অর্পন করেন। এ সময় উলু ধ্বনি, শঙ্খ, ঘণ্টা ও ঢাকের আওয়াজে মুখোরিত হয়ে ওঠে মন্দির।

অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষকতায় ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা প্রশাসক রফিকুল ইসলাম, পুলিশ সুপার আজিম উল আহসান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের যুব ক্রীড়া সম্পাদক মামুনুর রশিদ টোকন, মন্দিরের সভাপতি পঞ্চরস পোদ্দার, সাধারণ সম্পাদক দেবব্রত দেবুসহ আরো অনেকে ।

পূজার আয়োজক সভাপতি, ও সাধারণ সম্পাদক জানান, শ্যামাপূজা উপলক্ষে মন্দিরে স্থাপন করা হয়েছে কালী প্রতিমা। আলোক সজ্জা ও নাচ গানে উৎসবের আমেজ ছড়িয়ে পড়ছে মন্দিরে। প্রতিবছরের ন্যায় এবারও আয়োজন করা হয়েছে নানা আনুষ্ঠানিকতা।

পরিশেষে ভক্তদের মাঝে শাড়ি বিতরণ ও প্রসাদ বিতরণ করা হয়।

প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানাতে ঝিনাইদহে উপকারভোগীদের সমাবেশ

ঝিনাইদহে সরকারী উপকারভোগীদের পক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জ্ঞাপনের জন্য সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ বিকেলে শহরের ওয়াজির আলী হাই স্কুল মাঠে এ সমাবেশের আয়োজন করে সদর উপজেলা প্রশাসন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি।

সেসময় উপস্থিত ছিলেন হরিনাকুন্ডু উপজেলার চেয়ারম্যান জাহাঙ্গীর হুসাইন, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলম হিরণ, সদর উপজেলার ভারপ্রাপ্ত চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত, সংসদ সদস্যের ব্যক্তিগত সহকারী রওশন আলী, জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক রাজু আহমেদ, সদর উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক শাহ মোঃ ইব্রাহিম খলিল রাজা, সদর এমপির পিএস রোকনুজ্জামান রিপন, সদর উপজেলার মহারাজপুর ইউনিয়নের চেয়ারম্যান খুরশিদ আলম মিয়াসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। এছাড়া উপস্থিত ছিলেন বিভিন্ন পর্যায়ের আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, শ্রমিক লীগের সকল অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ এবং ইউপি চেয়ারম্যানগণ ও উপকারভোগীরা।

প্রধান অতিথি বলেন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী, নারী ও শিশুদের উন্নয়ন ও বিভিন্ন পেশাজীবীদের দক্ষতা ও সামর্থ্য বৃদ্ধিতে বর্তমান সরকারের গৃহীত নানাবিধ প্রকল্পের মাধ্যমে ৩০ হাজার উপকারভোগী জনসাধারনের পক্ষে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছে। সকলকে আবারও নৌকা মার্কায় ভোট দিয়ে শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী করার আহবান জানান।

ঝিনাইদহে ৪০ লিটার চোলাই মদসহ আটক ১

ঝিনাইদহে ৪০লিটার দেশীয় চোলাই মদসহ শুপলাভ বিশ্বাস নামের এক মাদক বিক্রেতাকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ।আজ শনিবার সকালে সদর উপজেলার ভূপতিপুর এলাকা থেকে তাকে আটক করা হয়। আটককৃত শুপলাভ বিশ্বাস সদর উপজেলার হাটগোপালপুর লোহাজঙ্গা গ্রামের সুশান্ত বিশ্বাসের ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি মোহাম্মদ জুয়েল ইসলাম জানান, আটককৃত শুপলাভ বিশ্বাস দীর্ঘদিন ধরে সদর উপজেলার বিভিন্ন এলাকায় দেশীয় চোলাই মদ বিক্রি করে আসছিল। আমাদের একটি আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ভূপতিপুর এলাকায় অভিযান চালিয়ে তাকে ৪০ লিটার দেশীয় চোলাই মদসহ আটক করে।

আটককৃত ব্যক্তির বিরুদ্ধে সদর থানায় সংশ্লিষ্ট আইনে মামলা দায়ের করে আদালতে সোপর্দ করার প্রস্তুতি চলছে।

ঝিনাইদহের মহেশপুরে যুবককে পিটিয়ে হত্যা

ঝিনাইদহের মহেশপুর উপজেলার শ্রীরামপুর গ্রামে ছাগলে জমির মাসকালাই ক্ষেত তছরূপ করার ঘটনাকে কেন্দ্র করে লিটন হোসেন (৩৮) নামে এক ব্যক্তিকে পিটিয়ে হত্যা করেছে তার প্রতিবেশীরা।

গতকাল শুক্রবার রাত সাড়ে ৯ টার দিকে মহেশপুর উপজেলার শ্রীরামপুর গ্রামে এ ঘটনা ঘটে। নিহত লিটন ওই গ্রামের আজিজুল হোসেনের ছেলে।

স্থানীয়রা জানায়, প্রায় সময় ওই গ্রামের মজনু মিয়ার জমির মাসকালাই

ক্ষেত তছরূপ করে প্রতিবেশী মালেক মিয়ার গরু ছাগলে। এ নিয়ে গতকাল শুক্রবার সন্ধ্যায় স্থানীয় একটি চায়ের দোকানে তাদের বাকবিতন্ডা হয়। রাত সাড়ে ৯ টার দিকে বাড়ী ফেরার পথে মজনুর সাথে মালেকের হাতাহাতি হয়। খবর পেয়ে তার চাচাতো ভাই লিটন এগিয়ে গিয়ে বাঁধা দিলে তাকে পিটিয়ে গুরুতর আহত করে মালেক ও তার লোকজন। সেখান থেকে গুরুতর আহত অবস্থায় লিটনকে প্রথমে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরে যশোর জেনারেল হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষনা করে। এ ঘটনার পর থেকে পলাতক রয়েছে মালেক ও তার পরিবারের লোকজন।

মহেশপুর থানার ওসি খন্দকার শামীম উদ্দিন বলেন, ঘটনাটি শুনেছি। সেখানে পুলিশ পাঠানো হয়েছে। হত্যার সাথে জড়িত যারা তাদের দ্রুত গ্রেফতার করা হবে।

হরিণাকুণ্ডুতে মাছের সাথে শত্রুতা, বিষপ্রয়োগে লক্ষাধীক টাকার মাছ নিধন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পুকুরে বিষ প্রয়োগ করে লাক্ষাধীক টাকার মাছ মেরে ফেলেছে দুর্বৃত্তরা। গত বুধবার গভীর রাতে উপজেলার ফলসী ইউনিয়নের পারফলসী গ্রামের শরিফুল ইসলামের পুকুরে এই বিষ প্রয়োগ করা হয়।

পুকুর মালিক শরিফুল ইসলাম জানান, ৪০ শতক জায়গার উপর আমি পুকুর খনন করে কয়েক বছর ধরে মাছ চাষ করে আসছি। এবার পুকুরে রুই, কাতলা, চিতল, সিলভার কার্প, গ্রাসকার্প, তেলাপিয়া, পুঁটিসহ দেশীয় বিভিন্ন জাতের মাছের পোনা দিয়েছিলাম। মাছের পোনা এবং খাবার খরচ বাবদ আমার প্রায় ৫০ হাজার টাকা খরচ হয়েছে। কিছু দিনের মধ্যেই মাছগুলো বাজারে বিক্রির উপযোগী হয়ে উঠতো।

গতকাল বৃহস্পতিবার সকালে এক প্রতিবেশি পুকুরে মরা মাছ ভাসতে দেখে খবর দেয়। প্রথমে আমরা গ্যাসের অভাবে মাছ মরে ভেসে উঠছে ভাবলেও

পুকুর পাড়ে একটি বিষের বোতল পড়ে থাকতে দেখি। পরে বুঝলাম পুকুরে বিষ প্রয়োগের কারনেই সব মাছ মরে ভেসে উঠেছে। এতে আমার প্রায় ১ লাক্ষাধীক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

তিনি আরো বলেন, আমি যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধার সন্তান ও বাংলাদেশ আওয়ামী লীগের সমর্থক। চলমান রাজনৈতিক পরিস্থিতির কারনে এলাকার বেশকিছু ব্যক্তি প্রকাশ্যে ও গোপনীয়ভাবে আমার ক্ষতি করার চেস্টা করে আসছে। তারাই শত্রুতা করে এমন কাজ করতে পারে বলে ধারণা করছি। এ ঘটনায় থানায় অভিযোগ দায়ের করা হবে বলে তিনি জানান।

এব্যাপারে হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু আজিফ বলেন, খবর পেয়েছি। এ ব্যাপারে অভিযোগ দায়ের করা হলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

কোটচাঁদপুরে ফার্মেসী মালিককে ৩ হাজার টাকা জরিমানা

কোটচাঁদপুরে ফার্মেসীতে অভিযান চালিয়ে ফার্মেসী মালিককে ৩ হাজার টাকা জরিমানা করা হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুরে শহের আর কে মেডিকেলে এ জরিমানা করা হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,নিয়মিত বাজার মনিটরিংয়ের অংশ হিসেবে আজ বৃহস্পতিবার দুপুরে এ অভিযান চালান, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উছেন মে। এ সময় তিনি কোটচাঁদপুর পৌর শহরের আর মেডিকেলের মালিককে শফি উদ্দিনকে ফার্মেসীতে মেয়াদোত্তীর্ণ ঔষধ রাখার অভিযোগে ৩ হাজার টাকা জরিমানা করেন।

এ সময় উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভাপতি কাজী হাসানুজ্জামান, সাবেক সভাপতি সোহরাব হোসেন ও সহসভাপতি হাসানুজ্জামান ডাবলু উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ প্রেসক্লাবের দ্বি-

বার্ষিক নির্বাচনের তফসিল

ঘোষণা

ঝিনাইদহ প্রেসক্লাবের দ্বি-বাষিক নির্বাচন (২০২৪-২৫) বর্ষের তফসিল ঘোষণা করা হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যায় প্রেসক্লাবের নির্বাহী কমিটির সভায় এই তফসিল ঘোষণা করা হয়।

প্রেসক্লাবের সভাপতি এম রায়হানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপুর সঞ্চালনায় নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২ডিসেম্বর সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিরতিহীন ভাবে ঝিনাইদহ প্রেসক্লাবের ভোট গ্রহন অনুষ্ঠিত হবে।

নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনারের দায়িত্ব পালন করবেন এ্যাড.সুভাষ বিশ্বাস মিলন। নির্বাচনে সভাপতি, সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, সহ-সম্পাদক, দপ্তর সম্পাদক, প্রচার সম্পাদক, ক্রীড়া সম্পাদক, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক, সাংস্কৃতিক সম্পাদক, আইসিটি বিষয়ক সম্পাদক ও ৭টি নির্বাহী সদস্যপদসহ মোট ১৭টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

ঝিনাইদহে স্বপ্ন সারথী

উদ্যোগে শিশুদের মাঝে পোষাক বিতরণ

ঝিনাইদহে বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন স্বপ্ন সারথীর উদ্যোগে দুস্থ-অসহায় বাঁচ্চাদের মাঝে পোষাক বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বিকালে ঝিনাইদহ উপশহরপাড়া প্যারাডাইস স্কুল মাঠে অসহায় শিশুরদের মাঝে এই পোষাক বিতরণ করা হয়।

ড: তপন কুমার গাংগুলির সভােপিত্ব অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাবেক সফল মেয়র সাইদুল করিম মিন্টু।

এসময় উপস্থিত ছিলেন জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক আশরাফুল আলম, সাংবাদিক কাজী আলী আহম্মেদ লিকু, স্বপ্নসারথীর সাধারণ সম্পাদক কাজী মোহাম্মদ আলী পিকু, কৌতুক অভিনেতা হুমায়ন কবিরী টুকুসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সাংবাদিক শাহানুর আলম। আলোচনা শেষে প্রধান অতিথির মাধ্যমে ৬০জন দুস্থ-অসহায় শিশুদের হাতে পোষাক তুলে দেওয়া হয়।